

শিক্ষা

কিউএস বিষয়ভিত্তিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০ বিভাগ

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৮ মার্চ ২০২৬, ১৮: ৫২



ঢাকা বিশ্ববিদ্যালয় [ফাইল ছবি](#)

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) ‘ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাঙ্কিং-২০২৬’-এ জায়গা করে নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগ।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে গতকাল শুক্রবার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

২৫ মার্চ বিষয়ভিত্তিক এই র‍্যাঙ্কিংয়ের তালিকা প্রকাশ করে কিউএস। গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯টি বিভাগ র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছিল।

এবারও আলাদা দুটি ক্যাটাগরিতে (বিভাগ) র‍্যাঙ্কিং করা হয়। প্রথম ক্যাটাগরিতে (প্রধান বিষয়) পাঁচটির মধ্যে র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটিতে স্থান হয়েছে। দ্বিতীয় ক্যাটাগরিতে (নির্দিষ্ট বিষয়) ৫৫টি বিভাগের মধ্যে র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০টি বিভাগের স্থান হয়েছে।

কিউএস বিষয়ভিত্তিক র‍্যাঙ্কিং প্রতিবেদন অনুযায়ী, এবারের ব্রড সাবজেক্ট র‍্যাঙ্কিংয়ের মধ্যে সোশ্যাল সায়েন্স ও ম্যানেজমেন্ট ক্যাটাগরিতে বৈশ্বিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৩৭১তম। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স বিভাগ বৈশ্বিকভাবে ৩০১ থেকে ৩৭৫তম-এর মধ্যে, ইকোনমিক অ্যান্ড ইকোনমেট্রিকস বিভাগ ৩০১ থেকে ৩৫০তম-এর মধ্যে এবং বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ ৪০১ থেকে ৪৫০তম-এর মধ্যে অবস্থান করছে।

ন্যাচারাল সায়েন্স ক্যাটাগরিতে বাংলাদেশ থেকে শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থান হয়েছে, র‍্যাঙ্কিংয়ে অবস্থান ৫০১ থেকে ৫৫০-এর মধ্যে। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত রসায়ন বিভাগ ৫৫১ থেকে ৬০০-এর মধ্যে, পরিবেশবিজ্ঞান ৪০১ থেকে ৪৫০-এর মধ্যে, পদার্থবিদ্যা ও জ্যোতির্বিদ্যা ৫০১ থেকে ৫৫০-এর মধ্যে অবস্থান করছে।

লাইফ সায়েন্স ও মেডিসিনের ব্রড সাবজেক্টে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থান হয়নি। তবে এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত জীববিজ্ঞান বিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৫১ থেকে ৭০০-এর মধ্যে অবস্থান করছে।

ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি ক্যাটাগরিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৩৬৪তম। এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ ৫৫১ থেকে ৬০০-এর মধ্যে, ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ৫০১ থেকে ৫৫০-এর মধ্যে, মেকানিক্যাল, অ্যারোনটিক্যাল ও ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং বিভাগে ৫০১ থেকে ৫৭৫-এর মধ্যে অবস্থান করছে ঢাকা বিশ্ববিদ্যালয়।

